

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩২৬ ১/ বিবিধ

আরবী

من تمسك بسنتي عند فساد أمتي فله أجر مئة شهيد ضعيف جدا

رواه ابن عدي في " الكامل " (90 / 2) وابن بشران في " الأمالي " (93 / 1 و 141 / 2) عن الحسن بن قتيبة أنبأنا عبد الخالق بن المنذر عن ابن أبي نجيح عن مجاهد عن ابن عباس مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا، وعلته الحسن بن قتيبة، قال الذهبي في " الميزان ": هالك، قال الدارقطني: متروك الحديث، وقال أبو حاتم: ضعيف وقال الأزدى: واهي الحديث، وقال العقيلي: كثير الوهم

قلت: وشيخه ابن المنذر لا يعرف، وقد عزاه المنذري في " الترغيب " (1 /41) للبيهقي من طريق الحسن هذا

وروي الحديث بلفظ آخر أقرب من هذا، وهو(الأتى)

বাংলা

৩২৬। আমার উম্মাতের কলহ-বিবাদের সময় যে ব্যাক্তি আমার সুন্নাতকে আঁকড়ে ধরবে, তার জন্য একশতটি শহীদানের সাওয়াব রয়েছে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (২/৯০) এবং ইবনু বিশরান "আল-আমলী" গ্রন্থে (১/৯৩, ২/১৪১) হাসান



ইবনু কুতাইবা হতে, তিনি আব্দুল খালেক ইবনুল মুন্যির হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ নিতান্তই দুর্বল। এর কারণ হচ্ছে হাসান ইবনু কুতাইবা। তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি হালেক (ধ্বংসপ্রাপ্ত)। দারাকুতনী বলেনঃ তিনি মাতরূকুল হাদীস। আবৃ হাতিম বলেনঃ তিনি দুর্বল। আযদী বলেনঃ তিনি ওয়াহীউল হাদীস (খুবই দুর্বল)। উকায়লী বলেনঃ তিনি অধিক পরিমাণে সন্দেহ প্রবণ ছিলেন। আর তার শাইখ ইবনুল মুন্যির অপরিচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন